আকস্মিক তেজগাঁও থানা পরিদর্শনে স্বরাষ্ট্রমন্ত্রী



ছবি: সংগৃহীত

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) তেজগাঁও থানায় আকস্মিক পরিদর্শন করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। পরিদর্শনকালে তিনি থানায় কর্মরত পুলিশ সদস্যদের সঙ্গে কথা বলেন এবং সার্বিক কার্যক্রম সম্পর্কে খোঁজখবর নেন।

এ সময় মন্ত্রী থানা ভবনের বিভিন্ন ফ্লোর ঘুরে দেখেন। তিনি পুলিশ কর্মকর্তাদের প্রশাসনিক কক্ষ, ডিউটি অফিসারের কক্ষ, তদন্ত কর্মকর্তাদের অফিস, হাজতখানা, পুলিশ সদস্যদের ব্যারাক ও ডাইনিং স্পেস পরিদর্শন করেন।

ব্যারাক পরিদর্শনের সময় পুলিশ সদস্যদের আবাসন সুবিধা, মেসের খাবারের মান এবং পরিচ্ছন্নতার বিষয়ে খোঁজ নেন স্বরাষ্ট্রমন্ত্রী। পাশাপাশি থানায় দায়িত্ব পালনকারী সদস্যদের নাইট ডিউটি ও শিফটিং ডিউটির সময়সূচি এবং কর্মপরিবেশ নিয়েও কথা বলেন তিনি।

পরিদর্শনের একপর্যায়ে থানায় সেবা নিতে আসা সাধারণ নাগরিকদের সঙ্গে সরাসরি কথা বলেন সালাহউদ্দিন আহমদ। জিডি ও অভিযোগ নিয়ে আসা কয়েকজন ভুক্তভোগীর কথা শুনে তাদের সমস্যাগুলো দ্রুত ও স্বচ্ছতার সঙ্গে সমাধানের জন্য থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পুলিশের প্রধান দায়িত্ব হচ্ছে জনগণের নিরাপত্তা নিশ্চিত করা এবং তাদের সেবা দেওয়া। প্রতিটি থানাকে মানুষের আস্থা ও ভরসার জায়গায় পরিণত করতে হবে। কোনো ধরনের মধ্যস্থতা ছাড়াই নাগরিকরা যেন নির্ভয়ে থানায় এসে নিজেদের সমস্যার কথা জানাতে পারেন, সে পরিবেশ নিশ্চিত করার ওপরও তিনি গুরুত্ব দেন।

পরিদর্শনের সময় পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির, ডিএমপি কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদসহ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।